

## মাদরাসার প্রতিষ্ঠার ইতিহাসঃ-

ছাতক উপজেলার ধারন বাজার এলাকার আলিম-উলামা, শিক্ষানুরাগী ও ধর্মপ্রাণ ব্যক্তি বর্গ মিলে এখানে একটি ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার উদ্দ্যোগ গ্রহন করলে এলাকার সর্বস্তরের মুসলিম জনতা এতে সাড়াদান করেন। যার ফলশ্রুতিতে সিলেট সুনামগনজ মহাসড়কের পাশে স্থানীয় ধারন বাজার সংলগ্ন এক মনোরম স্থানে ০১/০১/১৯৭৩ ইং সালে নূতন বাজার দাখিল মাদরাসা নামে একটি মাদরাসা প্রতিষ্ঠা করেন। অনেক চড়াই উৎরাই পার হয়ে ০১/০১/১৯৮৮ ইং সনে মাদরাসাটি নবম শ্রেণি খোলার অনুমতি লাভ করে। ফলে এ মাদরাসা হতে ছাত্র-ছাত্রীরা দাখিল পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পায়। মাদরাসার পরীক্ষার ফলাফল ও লেখা-পড়ার মান বৃদ্ধি পাওয়ায় ০১/০১/১৯৯৪ ইং তারিখ হতে বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড ঢাকা, কর্তৃক স্বীকৃতি লাভ করে এবং ০১/০১/১৯৯৫ ইং তারিখ হতে বাংলাদেশ সরকার কর্তৃক অনুদান প্রাপ্ত হয়ে এম,পি,ও ভুক্ত হয়। প্রতিষ্ঠার পর হতে মাদ্রাসাটি সাধারণ শিক্ষার পাশাপাশি ইসলামি শিক্ষা বিস্তারে যথেষ্ট ভূমিকা রাখছে।